তারিখ 22 OCT 2017
পৃষ্ঠা ৪ কলাম ৫

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের রজতজয়ন্তীতে আনন্দ শোভাযাত্রা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী ও রজতজয়ন্তী উপলক্ষে গতকাল শনিবার সারাদেশে কলেজগুলোতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। 'শিক্ষা নিয়ে গড়ব দেশ' এই প্রতিপাদ্য নিয়ে গতকাল সকাল ১০টায় শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে এ কর্মসূচি উদযাপিত হয়।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. হারুন-অর-রশিদ রাজধানীতে সিদ্ধেশ্বরী গার্লস কলেজ আয়োজিত বর্ণাঢ্য শোভাযাত্রায় যোগ দেন। এতে অন্যদের মধ্যে কলেজের গভর্নিং বডির সভাপতি এএস মাহমুদ, সদস্য গোলাম দস্তগীর গাজী বীরপ্রতীক, কলেজ অধ্যক্ষ কানিজ মাহমুদা আকতার প্রমুখ অংশ নেন। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. মশিউর রহমান রাজধানীর তেজগাঁও কলেজ, অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু মিরপুর কলেজ, কোষাধ্যক্ষ অধ্যাপক নোমান উর রশীদ আলহাজ মকবুল হোসেন কলেজ আয়োজিত শোভাযাত্রায় যোগ দেন। রজতজয়ন্তী উপলক্ষে কেন্দ্রীয়ভাবে ২৫ ও ২৬ অক্টোবর গাজীপুর ক্যাম্পাসে আনন্দ শোভাযাত্রা, আলোচনা সভা, স্মৃতিচারণ, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।

ব্যানবেইস
ক. দৃষ্টে/জ্ঞাতার্থে
স্বাক্ষর